অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/2/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

চলমান COVID-19 মহামারির মধ্যে, গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে BiPAP মেশিনগুলো ভেন্টিলেটরে রূপান্তরিত করার জন্য নতুন প্রোটোকল অনুমোদন করেছে রাজ্য স্বাস্থ্য দপ্তর

স্টেট পিটসবার্গে ফিলিপ্স এর থেকে 3,000টি BiPAP মেশিন ক্রয় করেছে; 750টি BiPAP মেশিন ইতিমধ্যেই মজুদ আছে

রাজ্য প্রতিটি হাসপাতালের সরবরাহ নিয়ে নৈশ ভিত্তিতে একটি হাসপাতাল-বাই-হাসপাতাল জরিপ চালাবে; সব হাসপাতালকে অনুরোধ করা হচ্ছে যে তাদের বর্তমানে যে সরবরাহের প্রয়োজন নেই সেগুলি তারা একটি কেন্দ্রীভূত স্টকপাইল তৈরি করার জন্য প্রদান করুক যাতে তা সেই সকল হাসপাতালে বিতরণ করা যায় যাদের তা সব চেয়ে বেশি প্রয়োজন

21,000 জন মানুষ নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা ব্যবস্থায় কাজ করার জন্য স্বেচ্ছাসেবক হয়েছেন COVID-19 মহামারির সময়ে; রাজ্যের সার্জ হেলথকেয়ার ফোর্সের অংশ হিসেবে 85,400 জন স্বাস্থ্য পেশাদাররা স্বেচ্ছাসেবক হিসেবে স্বাক্ষর করেছেন আজ অবধি

ব্যবসাগুলিকে PPE পণ্য উত্পাদন শুরু করার অনুরোধ জানিয়েছেন; PPE পণ্য তৈরি করার জন্য উৎপাদন সুবিধাগুলি রূপান্তর করতে রাজ্য অর্থ প্রদান করবে

COVID-19 মহামারীর কারণে আর্থিক কষ্টের সম্মুখীন হচ্ছেন যে গ্রাহকরা, তারা 01 জুন 2020 অবধি 90 দিনের জন্য স্বাস্থ্য বিমা প্রিমিয়াম পরিশোধ স্থগিত রাখতে পারেন

নিউ ইয়র্ক স্টেট অফ হেলথের মাধ্যমে অথবা বীমাকারকদের কাছে সরাসরি আবেদন করার জন্য বীমাকৃত নয় এমন নিউ ইয়র্কবাসীদের জন্য বিশেষ নিবন্ধীকরণের সময় 15 মে 2020 অবধি প্রসারিত করা হল

আপনি যদি নিয়োগকর্তার কভারেজ হারান, আপনাকে অবশ্যই সেই কভারেজ হারানোর 60 দিনের মধ্যে আবেদন করতে হবে; আয়ের ক্ষতির কারণে নিউ ইয়র্কবাসী মেডিকেইড (Medicaid), এসেনশিয়াল প্ল্যান (Essential Plan), সাবসিডাইজড হেলথ প্ল্যান বা চাইল্ড হেলথ প্লাস (Child Health Plus) পাওয়ার যোগ্য হতে পারেন

নিউ ইয়র্ক স্টেটে আরও 8,669টি করোনাভাইরাসের কেস নিশ্চিত করেছে - যা রাজ্যব্যাপী মোট আক্রান্তের সংখ্যাকে 92,381-এ নিয়ে আসে; 46টি কাউন্টিতে নতুন কেসের সংখ্যা

চলমান COVID-19 মহামারির মধ্যে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে রাজ্য স্বাস্থ্য দপ্তর নর্থওয়েল-এর প্রোটোকল অনুমোদন করেছে BiPAP মেশিনকে ভেন্টিলেটরে রূপান্তরিত করার জন্য। স্টেট পিটসবার্গের ফিলিপ্স থেকে 3,000টি BiPAP মেশিন ক্রয় করেছে এবং 750টি মেশিন ইতিমধ্যেই মজুদ রয়েছে এবং হাসপাতালে সেগুলি বিতরণ করা হবে। রাজ্য ইতিমধ্যেই আরও বেশি করে ভেন্টিলেটর অধিগ্রহণ এবং রাজ্যের মজুদ ভাণ্ডার গড়ে তোলার জন্য বেশ কিছু অসামান্য ব্যবস্থা গ্রহণ করেছে, যার মধ্যে আছে কোথায় সমস্ত ভেন্টিলেটর নিউ ইয়র্কে অবস্থিত তা ট্র্যাক করা এবং তাদের অবস্থানগুলি পরিবর্তন করা সর্বোচ্চ প্রয়োজন পূরণের জন্য এবং ঐচ্ছিক অস্ত্রোপচার শেষ করার জন্য। যদি প্রয়োজন হয়, হাসপাতালগুলি অ্যানেস্থেশিয়া মেশিন ভেন্টিলেটর ব্যবহার করতে পারে অথবা একটি "বিভাজন" প্রোটোকল ব্যবহার করতে পারে যেখানে একটি ভেন্টিলেটর পৃথক টিউব ব্যবহার করে দুই রোগীর জন্য ব্যবহার করা হয় ।

গভর্নর কুওমোআরো ঘোষণা করেছেন, প্রতিটি হাসপাতালের রসদের হিসেবে নেওয়ার জন্য প্রতি রাতে হাসপাতাল-বাই-হসপিটাল সার্ভে পরিচালনা শুরু করেছে রাজ্য। উপরন্তু, সব হাসপাতালকে বলা হচ্ছে তাদের যে সরবরাহগুলির বর্তমানে প্রয়োজন নেই সেগুলি একটি কেন্দ্রীয় মজুদ-ভাণ্ডারে প্রদান করতে যাতে তা সেই সকল হাসপাতালগুলিতে প্রদান করা যায় যাদের তার সব চেয়ে বেশী প্রয়োজন আছে।

গভর্নর আরও ঘোষণা করেন যে 21,000 জন রাজ্য-বহির্ভূত ব্যক্তি নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা ব্যবস্থায় কাজ করার জন্য স্বেচ্ছাসেবক হয়েছেন অস্থায়ী ভিত্তিতে COVID-19 মহামারীর সময়ে। আজের তারিখ পর্যন্ত, নিউ ইয়র্কে 85,400জন স্বাস্থ্য পেশাজীবীরা রাজ্যের সার্জ হেলথকেয়ার ফোর্সের অংশ হিসেবে স্বেচ্ছাসেবা প্রদান করতে স্বাক্ষর করেছেন।

সম্ভব হলে PPE প্রোডাক্ট তৈরির কাজ শুরু করার উপযুক্ত যন্ত্রপাতি বা কর্মী থাকলে কোন কোম্পানিকে তা উৎপাদন করার জন্য উৎসাহিত করছেন গভর্নর। উপযুক্ত যন্ত্রপাতি ও কর্মী পাওয়ার জন্য যে কোনও সংস্থাকে অর্থসাহায্য করতে চায় রাজ্য। PPE-প্রোডাক্ট উৎপাদনে স্টেটের অর্থায়ন পেতে আগ্রহী ব্যবসায়-প্রতিষ্ঠানগুলিকে 212-803-3100-তে কল বা COVID19supplies@esd.ny.gov এ ইমেল করা উচিত।

গভর্নর ঘোষণা করেন যে, 01 জুন 2020 অবধি যে গ্রাহক ও ব্যবসাগুলি COVID-19 এর কারণে আর্থিক কষ্টের সম্মুখীন হচ্ছেন, তারা একক ও ছোট দলীয় স্বাস্থ্য বীমা নীতির অধীনে প্রিমিয়াম পরিশোধ স্থগিত করতে পারেন। স্বাস্থ্য পরিকল্পনাগুলির যে কোনো নগদ অর্থ বা সচ্ছলতা সংক্রান্ত উদ্বেগের কথা বিবেচনা করবে ডিপার্টমেন্ট অফ ফাইনান্সিয়াল সার্ভিসেস (Department of Financial Services, DFS)। এই সময়কালে, স্বাস্থ্য পরিকল্পনাগুলিকে দাবি পরিশোধ করা অব্যাহত রাখতে হবে, ক্রেডিট রেটিং এজেন্সিগুলিতে লেট পেমেন্ট রিপোর্ট না করা, এবং উপযুক্ত হলে তাদের

নতুন কভারেজ রূপান্তরে সাহায্য করার জন্য ব্যক্তিবর্গের সাথে কাজ করা। তার সাথে, বিমাকারকদের মনে করিয়ে দেওয়া হচ্ছে যে তারা লেট পেমেন্ট ফি ধার্য করতে পারবেন না। গভর্নর কুওমো এই উদ্যোগে তার সহযোগিতার জন্য কানেকটিকাটের গভর্নর নেড ল্যামন্টকে ধন্যবাদ জানিয়েছেন।

নিউ ইয়র্ক স্বাস্থ্য বিভাগ এবং নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ফিনান্সিয়াল সার্ভিসেস বিশেষ নিবন্ধীকরণ সময়কালের 15 মে 2020 অবধি একটি এক-মাসের সম্প্রসারণ ঘোষণা করেছেন যাতে অবিমাকৃত নিউ ইয়র্কবাসীরা কভারেজের জন্য আবেদন করতে পারেন নিউ ইয়র্ক স্টেট অফ হেলথের মাধ্যমে অথবা সরাসরি কভারেজের জন্য আবেদন করতে পারেন বিমাকারকদের কাছে। আপনি যদি নিয়োগকর্তা কভারেজ হারিয়ে ফেলেন, তাহলে আপনাকে সেই কভারেজ হারানোর 60 দিনের মধ্যে আবেদন করতে হবে। আয়ের ক্ষতির কারণে নিউ ইয়র্ক অধিবাসীরা মেডিকেইড, এসেনশিয়াল প্ল্যান, ভর্তুকিপ্রাপ্ত কোয়ালিফায়েড হেলথ প্ল্যান বা চাইল্ড হেলথ প্লাস পাওয়ার যোগ্য হতে পারেন।

"আমরা ভবিস্যতের জন্য পরিকল্পনা করা অব্যাহত রাখবো এবং আমাদের স্বাস্থ্যসেবা সিস্টেমকে প্রস্তুত করবো যখন বক্ররেখার শীর্ষটি আমাদের আঘাত করে," **গভর্নর কুওমো বলেন।** "আমরা আরো ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম অর্জনের জন্য, হাসপাতালের সক্ষমতা বৃদ্ধি করার জন্য বেড খোঁজা এবং কর্মী নিয়োগের জন্য অসামান্য ব্যবস্থা গ্রহণ করছি, কিন্তু এখনও এই তিনটি উপাদানের সব কটির জন্য একটি গুরুত্বপূর্ণ প্রয়োজন রয়েছে, এবং আমাদের হাসপাতালগুলি সঠিকভাবে কাজ করার জন্য এবং পরিচর্যা প্রদানের জন্য এই তিনটির সব কটিই প্রয়োজন। ভেন্টিলেটর আমাদের সব চেয়ে গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ, এবং আজ রাজ্য স্বাস্থ্য দপ্তর এমন প্রোটোকল অনুমোদন করেছে যা আমাদের BiPAP মেশিনগুলি ভেন্টিলেটর হিসেবে ব্যবহার করতে দেবে, এবং আমরা ইতিমধ্যেই এরকম 3,000টি যন্ত্র প্রাপ্ত হয়েছি যা সেই সব হাসপাতালে মোতায়েন করা হবে যাদের প্রয়োজন সব চেয়ে বেশি।"

পরিশেষে, গভর্নর আরও 8,669টি নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোট নিশ্চিত আক্রান্তের সংখ্যা 92,381-এ নিয়ে আসে। মোট 92,381 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	253	13
Allegany	12	3
Broome	46	4
Cattaraugus	8	1
Cayuga	4	1
Chautauqua	8	2
Chemung	22	0

Chenango	28	2
Clinton	25	0
Columbia	36	5
Cortland	8	0
Delaware	22	2
Dutchess	667	120
Erie	617	153
Essex	6	0
Franklin	9	0
Fulton	6	4
Genesee	14	1
Greene	21	3
Hamilton	2	0
Herkimer	14	2
Jefferson	15	3
Lewis	2	0
Livingston	14	0
Madison	60	9
Monroe	420	71
Montgomery	8	1
Nassau	10,587	1,033
Niagara	76	30
NYC	51,809	4,370
Oneida	61	11
Onondaga	234	17
Ontario	26	2
Orange	1,993	237
Orleans	6	0
Oswego	22	5
Otsego	21	2
Putnam	216	9
Rensselaer	53	10
Rockland	3,751	430
Saratoga	132	10
Schenectady	101	8
Schoharie	8	0
Schuyler	3	1
Seneca	4	2

St. Lawrence	39	5
Steuben	43	5
Suffolk	8,746	1,141
Sullivan	143	22
Tioga	7	0
Tompkins	74	6
Ulster	240	19
Warren	18	0
Washington	12	2
Wayne	27	3
Westchester	11,567	884
Wyoming	14	4
Yates	1	1

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন